

তপশিলী জাতি কল্যাণ দপ্তর,  
গোর্খাবস্তি, পন্ডিত নেহেরু কমপ্লেক্স  
আগরতলা, পশ্চিম ত্রিপুরা

## :Post Matric Scholarship সম্পর্কিত বিজ্ঞপ্তি:

তপশিলী জাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে রাজ্যে ও বহিঃরাজ্যে পাঠরত তপ: জাতি ছাত্র/ছাত্রীদের Post-Matric Scholarship প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত নীতিনির্দেশিকা জারি করা হয়েছে:-  
উক্ত নির্দেশিকা মোতাবেক তপ:জাতি ছাত্র/ছাত্রীদের National Scholarship Portal (www.scholarships.gov.in) এর মাধ্যমে online application অবশ্যই করতে হবে।

যে সকল ছাত্র/ছাত্রী ২০১৭-১৮ শিক্ষাবর্ষে Post-Matric Scholarship স্টাইপেন্ডের জন্য আবেদন করে নাই অথবা উক্ত স্কীমে নতুন ছাত্র-ছাত্রীরা ২০১৮-১৯ শিক্ষাবর্ষের জন্য Fresh হিসাবে আবেদন করবেন।  
বিদ্যালয় স্তরের ও সাধারণ ডিগ্রী স্তরের ছাত্র/ছাত্রীরা online আবেদনপত্রের পূরণ করা প্রিন্ট কপি নিম্নলিখিত কাগজ সহ নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানে জমা দিতে হবে।

১) তপশিলী জাতি শংসাপত্রের প্রতিলিপি। ২) গতবছরের মার্কশীট। ৩) পাসপোর্ট সাইজ ছবি। ৫) পারিবারিক বাৎসরিক আয়ের শংসাপত্র (original)/পিতা অথবা মাতা চাকুরীরত হইলে Salary certificate (DDO)। উল্লেখ্য যে, দরখাস্তকারীর পারিবারিক বাৎসরিক আয় ২ লক্ষ ৫০ হাজার টাকার মধ্যে হতে হবে।

বহিঃরাজ্যে পাঠরত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে online আবেদনপত্রের পূরণ করা প্রিন্ট কপি উপরোক্ত কাগজ সহ তপশিলী জাতি কল্যাণ দপ্তরে জমা দিতে হবে।

Post-Matric Scholarship এর অনলাইন আবেদন করার জন্য চূড়ান্ত সময়সীমা ৩১শে ডিসেম্বর, ২০১৮ ইং পর্যন্ত ধার্য করা হয়েছে।

যে সকল ছাত্র/ছাত্রীরা ২০১৭-১৮ শিক্ষাবর্ষে Post-Matric Scholarship পেয়েছেন ২০১৮-১৯ শিক্ষাবর্ষে তাদের অবশ্যই Renewal হিসাবে আবেদন করতে হবে।

সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকাদেরকে অনলাইনে সকল আবেদনপত্র ৩১শে ডিসেম্বর, ২০১৮ ইং মধ্যে ভেরিফিকেশন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

এই বিজ্ঞপ্তি বিদ্যালয় প্রধান শিক্ষক/শিক্ষিকারা ছাত্র-ছাত্রীদের গোচরে নেবেন।

বিঃদ্রঃ- বিস্তারিত বিবরণের জন্য নিজ নিজ মহকুমা কল্যাণ আধিকারিকের কাছে যোগাযোগ করা যেতে পারে।

উল্লেখ থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে online আবেদন না করলে ও পরবর্তী Scholarship সময়ে না পাওয়া গেলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিস্তারিত বিবরণের জন্য তপশিলী জাতি কল্যাণ দপ্তর, গোর্খাবস্তি, আগরতলা, যোগাযোগ করা যেতে পারে।

ওয়েবসাইট : [www.scw.tripura.gov.in](http://www.scw.tripura.gov.in) দূরভাষ : ০৩৮ ১-২৩২-৪১৩৪/৩৬৮৬

স্বাক্ষর / অস্পষ্ট  
অধিকর্তা  
তপশিলী জাতি কল্যাণ দপ্তর